অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/12/2024 **গভর্নর ক্যাথি হোকল**

এই শীতকালে হিটিংয়ের খরচ কমাতে নিউ ইয়র্কবাসীদেরকে সাহায্য করার জন্য হোম হিটিং ও জ্বালানি দক্ষতা সংক্রান্ত সহায়তা প্রদান করা সম্পর্কে গভর্নর HOCHUL (হোকল) এর ঘোষণা

উপযুক্ত নিউ ইয়র্কবাসীরা আসন্ন অপেক্ষাকৃত ঠাণ্ডা তাপমাত্রার দিনগুলোর জন্য প্রস্তুতি নেওয়ার এই সময়ে 1,000 ডলার পর্যন্ত হিটিং সহায়তা পেতে পারেন

সংশ্লিষ্ট স্টেট কর্মসূচিসমূহ জ্বালানি খরচ কমাতে সাহায্য করার জন্য জ্বালানি দক্ষতা ও আবহাওয়ার বিরূপ প্রতিক্রিয়া প্রতিরোধ পরিষেবাসমূহ প্রদান করছে

উপযুক্ত নিউ ইয়র্কবাসীরা আজই সহায়তার জন্য আবেদন করতে পারেন ny.gov/heat ঠিকানায়

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ ঘোষণা করেছেন যে ঠাণ্ডা শীতকালীন মাসগুলোতে নিম্ন- ও মধ্যম-আয়ের পরিবার এবং প্রবীণ প্রাপ্তবয়স্ক ব্যক্তিদেরকে তাদের জ্বালানি খরচ কমাতে এবং নিজেদের বাড়ি উষ্ণ রাখতে সাহায্য করার জন্য অর্থায়ন পাওয়া যাবে। বর্তমানে নিউ ইয়র্কবাসীর জন্য গৃহ জ্বালানি সহায়তা কর্মসূচি (Home Energy Assistance Program) বা HEAP-এর জন্য আবেদন করার সুযোগ উন্মুক্ত রয়েছে, যা উপযুক্ত পরিবারগুলোকে 996 ডলার পর্যন্ত সহায়তা প্রদান করতে পারে। গত শীতকালে 1.7 মিলিয়নেরও বেশি HEAP সুবিধা ইস্যু করা হয়েছিল, যা স্টেটজুড়ে পরিবারগুলোকে 397 মিলিয়ন ডলারেরও বেশি অর্থ ফিরিয়ে দিয়েছে।

"নিউ ইয়র্কবাসীদের নিজেদের বাড়িতে হিটিংয়ের ব্যবস্থা করা অথবা খাবার যোগাড় করা এই দুইটির মধ্যে একটি বেছে নেওয়ার সিদ্ধান্তের মুখোমুখী হওয়া উচিত নয় এবং আবহাওয়া আরো ঠাণ্ডা হতে থাকার এই সময়ে নিউ ইয়র্কের ঝুঁকিপূর্ণ পরিবারগুলোকে সুরক্ষিত রাখার জন্য আমরা অতি গুরুত্বপূর্ণ আর্থিক সহায়তা প্রদান করছি," **বলেছেন গভর্নর Hochul (হোকল)।** "গৃহ জ্বালানি সহায়তা কর্মসূচি নিউ ইয়র্কবাসীদের কাছে অর্থ ফিরিয়ে দিচ্ছে — পরিবারগুলোকে শীতকাল জুড়ে উষ্ণ থাকতে সাহায্য করছে এবং অতিপ্রয়োজনীয় আর্থিক ত্রাণ প্রদান করছে। আমি সব উপযুক্ত নিউ ইয়র্কবাসীকে আজই আবেদন করার জন্য সনির্বন্ধ অনুরোধ জানাচ্ছি।"

ফেডারেল অর্থায়নে পরিচালিত একটি কর্মসূচি, HEAP-এর মাধ্যমে, ঝুঁকিপূর্ণ পরিবারের সদস্য যেমন 6 বছরের কম বয়সী, 60 বছর এবং তার চেয়ে বেশি বয়সী ব্যক্তি অথবা স্থায়ীভাবে অক্ষম হয়ে যাওয়া অধিবাসীদের দেখাশোনা করছেন এমন নিউ ইয়র্কবাসীরা সর্বোচ্চ 996 ডলার পর্যন্ত

হিটিং সহায়তা পাওয়ার উপযুক্ত বিবেচিত হবেন। আয়ের মাত্রা, পরিবারের আকার এবং অপারেটিভ হিটিং সিস্টেমের উপর নির্ভর করে উপযুক্ত বাড়ির মালিক ও ভাড়াটিয়াদের জন্যেও HEAP সুবিধাগুলো লভ্য রয়েছে। চার সদস্যের একটি পরিবারের সর্বোচ্চ গ্রস মাসিক আয় 6,390 ডলার অথবা বার্ষিক গ্রস আয় 76,681 ডলার হতে পারে এবং তারপরও সেই পরিবার সুবিধাগুলো পাওয়ার জন্য উপযুক্ত হতে পারেন, যা গত বছর নির্ধারিত 5,838 ডলারের সর্বোচ্চ গ্রস মাসিক আয় এবং 70,059 ডলারের বার্ষিক গ্রস আয়ের চেয়ে উল্লেখযোগ্য পরিমাণে বৃদ্ধি করা হয়েছে।

উপযুক্ত পরিবারগুলো প্রতি মৌসুমে একটি HEAP সুবিধা গ্রহণ করতে পারবে এবং যদি তারা হিটিংয়ের জ্বালানি ফুরিয়ে যাওয়া অথবা তাদের ইউটিলিটি পরিষেবা বন্ধ হয়ে যাওয়ার মতো বিপজ্জনক পরিস্থিতির সম্মুখীন হন তাহলে সর্বোচ্চ দুই বার জরুরি HEAP সুবিধা গ্রহণ করার জন্যেও উপযুক্ত বিবেচিত হতে পারেন। HEAP সুবিধাগুলোর জন্য এখন আবেদন গ্রহণ করা হচ্ছে, অন্যদিকে 2 জানুয়ারি, 2025 তারিখ থেকে জরুরি HEAP সুবিধাগুলোর জন্য আবেদনের সুযোগ উন্মুক্ত হবে।

উপযুক্ত নিউ ইয়র্কবাসীরা আবেদন করতে পারেন ny.gov/heat ঠিকানায়। স্থানীয় সোশ্যাল সার্ভিসেস ডিপার্টমেন্টেও সহায়তার জন্য আবেদন গ্রহণ করা হচ্ছে এবং এই আবেদন ডাকযোগে অথবা সরাসরি উপস্থিত হয়ে জমা দেওয়া যাবে। সেইসাথে, যেসব প্রবীণ প্রাপ্তবয়স্ক ব্যক্তির HEAP আবেদনের ক্ষেত্রে সহায়তা প্রয়োজন হবে তারা তাদের স্থানীয় অফিস দর দ্য এজিং-এ যোগাযোগ করতে পারেন অথবা NY কানেক্টস হেল্পলাইনে 1-800-342-9871 নম্বরে যোগাযোগ করতে পারেন।

নিউ ইয়র্ক স্টেটের অস্থায়ী ও অক্ষমতা সংক্রান্ত সহায়তা বিষয়ক দপ্তরের (Office of Temporary and Disability Assistance) কমিশনার Barbara C. Guinn (বারবারা সি. গুইন) বলেন, "HEAP অপরিহার্য আর্থিক সহায়তা প্রদান করছে যা নিউ ইয়র্কের লক্ষ লক্ষ নিম্ন ও মধ্যম আয়ের পরিবারকে এই শীতকালে তাদের জ্বালানি বিল পরিশোধ করতে সাহায্য করবে। এই অত্যন্ত গুরুত্বপূর্ণ অর্থনৈতিক সহায়তা কর্মসূচির প্রতি গভর্নর Hochul (হোকল) এর অব্যাহত সমর্থনের জন্য আমরা কৃতজ্ঞ। নিম্ন আয়ের কর্মজীবী পরিবারগুলো এবং নির্দিষ্ট আয়ের প্রবীণ প্রাপ্তবয়স্ক ব্যক্তিদের জন্য HEAP একটি লাইফলাইন এবং এটি জরুরি পরিস্থিতির সম্মুখীন হয়েছেন এমন ব্যক্তিরা যাতে ঠাণ্ডা শীতকালীন মাসগুলোতে হিট চালু রাখতে পারেন এবং নিজেদের বাড়িকে উষ্ণ রাখতে পারেন সে বিষয়টি নিশ্চিত করার জন্যেও আর্থিক সহায়তা প্রদান করছে। আমি সব উপযুক্ত পরিবারকে এই সহায়তার জন্য আবেদন করতে উৎসাহিত করছি।"

নিউ ইয়র্ক স্টেটের অফিস ফর দ্য এজিং (Office for the Aging)-এর ডিরেক্টর Greg Olsen (গ্রেগ ওলসেন) বলেন, "গৃহ জ্বালানি সহায়তা কর্মসূচি অভাবী লোকজনকে, বিশেষ করে নির্দিষ্ট আয়ের প্রবীণ প্রাপ্তবয়স্ক ব্যক্তিদেরকে সাহায্য করার জন্য নিউ ইয়র্কের অঙ্গীকারাবদ্ধতার উপর আলোকপাত করছে। আমি আবেদন করার জন্য উপযুক্ত সব ব্যক্তিকে এবং যেসব প্রবীণ প্রাপ্তবয়স্ক ব্যক্তির HEAP আবেদনের ক্ষেত্রে সহায়তা প্রয়োজন তাদেরকে নিজেদের স্থানীয় অফিস ফর দ্য এজিং-এ যোগাযোগ করতে অথবা NY কানেক্টস হেল্পলাইনে 1-800-342-9871 নম্বরে যোগাযোগ করতে উৎসাহিত করছি। সেইসাথে, আপনি মেডিকেয়ার

সাশ্রয় কর্মসূচি (Medicare Savings Program) এবং সম্পূরক পুষ্টি সহায়তা কর্মসূচির (Supplemental Nutrition Assistance Program) মতো কর্মসূচিগুলোর মাধ্যমে আরো আর্থিক সুবিধা পাওয়ার জন্য উপযুক্ত হতে পারেন।"

2023-2024 অর্থবছরের HEAP গ্রহীতাগণ

অঞ্চল	**ইস্যু করা মোট সুবিধা**
New York City	
Long Island	
Hudson Valley	
Capital Region	
Western New York	
Central New York	
Finger Lakes	
Mohawk Valley	
North Country	
Southern Tier	
মোট	

উপযুক্ত বাড়ির মালিকদের সহায়তা করার জন্যেও সংস্থানসমূহ লভ্য রয়েছে যদি তাদের প্রধান হিটিং সিস্টেম অনিরাপদ হয়, কাজ না করে অথবা যদি তাদের বয়লার মেরামত বা প্রতিস্থাপন করা আবশ্যক হয়। HEAP হিটিং সরঞ্জাম মেরামত বা প্রতিস্থাপন (Heating Equipment Repair or Replacement) কর্মসূচির মাধ্যমে প্রাপ্ত অর্থের পরিমাণ হিটিং সরঞ্জাম উন্নত করার প্রকৃত খরচের উপর নির্ভর করবে, যা মেরামতের জন্য 4,000 ডলার পর্যন্ত এবং প্রতিস্থাপনের জন্য 8,000 ডলার পর্যন্ত হতে পারে।

এছাড়া উপযুক্ত বাড়ির মালিকরা এখন তাদের বাড়ির প্রধান হিটিং উৎস নির্ভরযোগ্যভাবে কাজ করছে তা নিশ্চিত করার জন্য HEAP হিটিং সরঞ্জাম পরিষ্কার ও টিউন করা (Heating Equipment Clean and Tune) সুবিধার জন্যেও আবেদন করতে পারবেন। এসব পরিষেবার মধ্যে চিমনি পরিষ্কার করা, ছোটখাটো মেরামত এবং কার্বন মনোক্সাইড (CO) ডিটেক্টর অথবা প্রোগ্রামেবল থার্মোস্ট্যাট স্থাপন করা ইত্যাদি অন্তর্ভুক্ত থাকতে পারে। এছাড়া যদি তাদের হিটিং সিস্টেম 12 মাসের চেয়ে বেশি পুরোনো হয় অথবা গত 12 মাসের মধ্যে পেশাদারভাবে পরিষ্কার করানো না হয়ে থাকে সেক্ষেত্রেও বাড়ির মালিকরা এসব সুবিধা পাওয়ার জন্য উপযুক্ত হতে পারেন। সুবিধার পরিমাণ সর্বোচ্চ 500 ডলার, যা পরিষ্কার ও টিউন করার পরিষেবা প্রদান করার জন্য হওয়া প্রকৃত খরচের উপর নির্ভর করবে। এসব সুবিধার জন্য আবেদনকারীদেরকে আরো

তথ্যের জন্য তাদের স্থানীয় ডিপার্টমেন্ট অব সোশ্যাল সার্ভিসেস এর সঙ্গে যোগাযোগ করতে হবে।

HEAP সরাসরি ইউটিলিটি বিল ক্রেডিট, ছাড় ও সহায়তার মাধ্যমে নিম্ন ও মধ্যম আয়ের নিউ ইয়র্কবাসীদের অর্থ তাদের নিজেদের কাছে রাখতে সাহায্য করার জন্য তৈরি করা অসংখ্য স্টেট কর্মসূচির পরিপূরক হিসেবে কাজ করে। সেইসাথে, ব্যয়-সাশ্রয়ী জ্বালানি দক্ষতা সংক্রান্ত উন্নয়নের জন্য বিভিন্ন ধরনের প্রণোদনা ও সহায়তা লভ্য রয়েছে।

নিউ ইয়র্ক স্টেটের জ্বালানি গবেষণা ও উন্নয়ন কর্তৃপক্ষের (New York State Energy Research and Development Authority, NYSERDA) এম-পাওয়ার+ (EmPower+) কর্মসূচি HEAP সুবিধা পাওয়ার উপযুক্ত বাড়ির মালিক ও ভাড়াটিয়াদেরকে কম জ্বালানি দক্ষতা সংক্রান্ত পরিষেবাগুলো প্রদান করতে পারে, যেমন গৃহ জ্বালানির সমন্বিত মূল্যায়ন যা অপেক্ষাকৃত কম গৃহ জ্বালানি ব্যবহারের জন্য পরিকল্পনা নির্ধারণ করতে সাহায্য করে। সুনির্দিষ্টভাবে, বাড়িতে জ্বালানি দক্ষতাসম্পন্ন উন্নয়নের জন্য তহবিল লভ্য রয়েছে যার মধ্যে এয়ার সিলিং, ইনসুলেশন, হিট পাম্প, হিট পাম্প ওয়াটার হিটার, বিদ্যুৎ সংক্রান্ত পরিষেবা ও ওয়্যারিং আপগ্রেড করা অন্তর্ভুক্ত রয়েছে।

নিউ ইয়র্ক স্টেটের হোমস এন্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal, HCR) আবহাওয়ার বিরূপ প্রতিক্রিয়া প্রতিরোধের জন্য সহায়তা কর্মসূচি (Weatherization Assistance Program) পরিচালনা করে থাকে, যা HEAP সুবিধা পাওয়ার উপযুক্ত পরিবারগুলোকে জ্বালানি খরচ কমিয়ে আনতে, জ্বালানি সংরক্ষণ করতে এবং নিরাপত্তা ও স্বাস্থ্য সংক্রান্ত মানদণ্ড উন্নত করতে সাহায্য করে। স্থানীয় পরিষেবা প্রদানকারীদের একটি স্টেটব্যাপী নেটওয়ার্কের মাধ্যমে প্রদান করা WAP পরিষেবাগুলোর মধ্যে অ্যাটিক ও দেয়ালে ইনসুলেশন স্থাপন করা, লাইটিং ও রেফ্রিজারেশন মেরামত করা এবং ফাটা জায়গা ও ছিদ্র সিল করে দেওয়া ইত্যাদি অন্তর্ভুক্ত রয়েছে।

জ্বালানি ক্রয়ক্ষমতা কর্মসূচি (Energy Affordability Program, EAP) বিদ্যুৎ এবং/অথবা প্রাকৃতিক গ্যাসের ইউটিলিটি বিলের ক্ষেত্রে মাসিক বিলে ছাড় প্রদান করার মাধ্যমে নিউ ইয়র্কের আনুমানিক 2.7 মিলিয়ন পরিবারকে আর্থিক সহায়তা প্রদান করছে। নিউ ইয়র্ক স্টেটের পাবলিক সার্ভিস কমিশন (Public Service Commission, PSC) এই কর্মসূচি পর্যবেক্ষণ করে এবং এই কর্মসূচিকে শক্তিশালী ও উন্নত করার জন্য প্রয়োজন অনুযায়ী পদক্ষেপসমূহ অনুমোদন করে।

NYSERDA-এর প্রেসিডেন্ট ও CEO Doreen M. Harris (ডোরিন এম. হ্যারিস) বলেন, "নিউ ইয়র্ক স্টেট জ্বালানি খরচ মোকাবেলা করতে পরিবারগুলোকে সহায়তা করার জন্য এটির অঙ্গীকারাবদ্ধতায় অবিচল রয়েছে। অপেক্ষাকৃত ঠাণ্ডা মাসগুলোর দিকে এগিয়ে যাওয়ার এই সময়ে, আমি উপযুক্ত নিউ ইয়র্কবাসীদেরকে গৃহ জ্বালানি সহায়তা কর্মসূচি (HEAP) এবং এম-পাওয়ার+ এর মতো কর্মসূচিগুলোর মাধ্যমে এসব ব্যয় সাশ্রয়ী পদক্ষেপের সুবিধা কাজে লাগানোর জন্য উৎসাহিত করছি, যেসব কর্মসূচি ক্রয়ক্ষমতা বৃদ্ধি করতে এবং আর্থিক বোঝা লাঘব করতে কাজ করছে।"

নিউ ইয়র্ক স্টেটের পাবলিক সার্ভিস কমিশনের সভাপতি Rory M. Christian (রোরি এম. ক্রিস্টিয়ান) বলেন, "PSC ভোক্তাদের স্বার্থ সুরক্ষিত রাখতে কঠোর পরিশ্রম করছে এবং নিম্ন

আয়ের গ্রাহকরা যাতে তাদের হিটিং বিল পরিশোধ করতে পারেন এবং হিটিং সরঞ্জাম কর্মক্ষম রাখতে পারেন সে বিষয়টি নিশ্চিত করার সমীকরণে HEAP একটি গুরুত্বপূর্ণ অংশ।"

নিউ ইয়র্ক স্টেট হোমস এন্ড কমিউনিটি রিনিউয়াল-এর কমিশনার RuthAnne Visnauskas (রুথ অ্যান ভিসনাউকাস) বলেন, "সব নিউ ইয়র্কবাসীর নিরাপদ ও স্বাচ্ছন্দ্যপূর্ণ বাড়িতে বসবাস করার অধিকার রয়েছে, বিশেষ করে চরম বিরূপ তাপমাত্রার সময়গুলোতে। এই শীতকালে উপযুক্ত পরিবারগুলোর কাছে যাতে নিজেদের পরিবারকে উষ্ণ রাখার জন্য প্রয়োজনীয় সংস্থানসমূহ থাকে সে বিষয়টি গৃহ জ্বালানি সহায়তা কর্মসূচি নিশ্চিত করবে। সেইসাথে, আমাদের আবহাওয়ার বিরূপ প্রতিক্রিয়া প্রতিরোধের জন্য সহায়তা কর্মসূচি জ্বালানি দক্ষতাসম্পন্ন আপগ্রেড সম্পন্ন করতে সাহায্য করে যা ইউটিলিটি খরচ আরো কমিয়ে আনবে। এই অপেক্ষাকৃত ঠাণ্ডা মাসগুলোতে নিউ ইয়র্কবাসীকে নিরাপদ ও স্বাচ্ছন্দ্যপূর্ণ অবস্থায় রাখতে তাদের নিবেদিত প্রচেষ্টার জন্য আমরা অস্থায়ী ও অক্ষমতা সংক্রান্ত সহায়তা বিষয়ক দপ্তরে আমাদের অংশীদারদেরকে ধন্যবাদ জানাই।"

রিপ্রেজেন্টেটিভ Paul Tonko (পল টনকো) বলেন, "অপেক্ষাকৃত ঠাণ্ডা শীতকালীন মাসগুলো শুরু হওয়ার এই সময়ে, আরো বেশি সংখ্যক কর্মজীবী পরিবারকে ক্রমবর্ধমান গৃহ জ্বালানি খরচের বোঝা বহন করতে হবে। দেশজুড়ে পরিবারগুলোর জন্য HEAP একটি লাইফলাইন প্রদান করছে, যেকারণে আমি কংগ্রেসে থাকার সময়ে জ্বালানির ক্রয়ক্ষমতা এবং আবহাওয়ার বিরূপ প্রতিক্রিয়া প্রতিরোধ সংক্রান্ত অন্যান্য উদ্যোগের পাশাপাশি এই অত্যন্ত গুরুত্বপূর্ণ কর্মসূচিকে সমর্থন জানিয়ে এসেছি। আসন্ন মাসগুলোতে নিজেদেরকে ও নিজেদের পরিবারকে নিরাপদ ও উষ্ণ রাখার জন্য নিউ ইয়র্কবাসীদের যে সহায়তা প্রয়োজন তা পৌঁছে দিতে সাহায্য করার জন্য আমি গভর্নর Hochul (হোকল) এর কাছে কৃতজ্ঞ।"

পাবলিক ইউটিলিটি ল প্রজেক্ট অব নিউ ইয়র্ক (Public Utility Law Project of New York, "PULP")-এর এক্সিকিউটিভ ডিরেক্টর ও কাউন্সেল Laurie Wheelock (লরি হুইলক) বলেন, "কোনো পরিবারেরই নিজেদের হিটিং বিল পরিশোধ করা অথবা খাবার ও ওষুধের মতো অন্যান্য চাহিদা পূরণ না করা এই দুইটির মধ্যে একটি বেছে নেওয়ার কঠিন আর্থিক সিদ্ধান্তের মুখোমুখী হওয়া উচিত নয়। আপনার হিটিং বিল পরিশোধ করতে সাহায্য করার জন্য তাৎক্ষণিকভাবে আর্থিক ত্রাণ প্রদান করার মাধ্যমে HEAP সাহায্য করতে পারবে। HEAP সম্পর্কে আরো তথ্য জানতে এবং আজই আবেদন করতে নিম্ন-আয়ের আপনার স্থানীয় কাউন্টি ডিপার্টমেন্ট অব সোশ্যাল সার্ভিসেস অথবা NYC মানব সম্পদ প্রশাসনের সাথে যোগাযোগ করার জন্য নিউ ইয়র্কবাসীদের প্রতি PULP সনির্বন্ধ অনুরোধ জানাচ্ছে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন